রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ:১৪ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ/২৮ মার্চ, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও, নং ৬৭-আইন/২০২৪।**—বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন) এর ধারা ১৭ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'আইন'** অর্থ বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন);

(২) **'আচরণবিধি'** অর্থ বিধি ১৯ এ বর্ণিত আচরণবিধি;

(৩) **'আপিল কর্তৃপক্ষ'** অর্থ বিধি ১৭ এর অধীন নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ;

(৪) **'ট্যুর অপারেটর'** অর্থ আইনের ধারা ৭ এবং বিধি ৫ এর অধীন নিবন্ধিত ট্যুর অপারেটর;

(৫) **'নিবন্ধন কর্তৃপক্ষ'** অর্থ আইনের ধারা ৩ এর অধীন নির্ধারিত নিবন্ধন কর্তৃপক্ষ;

(৬) **'নিবন্ধন নবায়ন সনদ'** অর্থ ফরম-৪ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ;

(৭) **'নিবন্ধন সনদ'** অর্থ ফরম-২ অনুসারে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সনদ; এবং

(৮) **'ফরম'** অর্থ এই বিধিমালার ফরম।


**মূল্য ঃ** টাকা ২০.০০

৩। **নিবন্ধন সনদের জন্য আবেদন।**—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ট্যুর অপারেটর এর কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-১ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি;

(খ) ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(গ) ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি;

(ঘ) ব্যাবসায়িক ঠিকানা (উহার স্বপক্ষে প্রমাণপত্র হিসাবে জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি);

(ঙ) অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি;

(চ) কোম্পানির ক্ষেত্রে, সংঘবিধি (Articles of Association), সংঘস্মারক (Memorandum of Association) এবং নিগমিতকরণ প্রত্যয়নপত্র (Certificate of Incorporation) এর সত্যায়িত অনুলিপি;

(ছ) ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহণ, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা;

(জ) আবেদন ফি বাবদ ৫ (পাঁচ) হাজার টাকা সরকার কর্তৃক নির্ধারিত কোডে ট্রেজারি চালান অথবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে জমা প্রদানপূর্বক উক্ত ট্রেজারি চালান বা অনলাইন ফি পরিশোধের মূলকপি; এবং

(ঝ) ট্যুর অপারেটর হিসাবে ব্যবসায় পরিচালনার জন্য প্রারম্ভিক মূলধন হিসাবে কোনো তফশিলি ব্যাংকে ১০ (দশ) লক্ষ টাকা স্থিতির ব্যাংক সার্টিফিকেট।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট বিষয়ে যেকোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে।

(৩) অনলাইনে ট্যুর পরিচালনাকারীকেও উপবিধি (১) অনুযায়ী নিবন্ধন সনদের জন্য আবেদন করিতে হইবে এবং তাহার ক্ষেত্রেও আইন এবং এই বিধিমালার বিধানাবলি সমভাবে প্রযোজ্য হইবে।

৪। **বিদেশি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ট্যুর অপারেটর হিসাবে কার্যক্রম পরিচালনা পদ্ধতি।**—(১) বিদেশি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ট্যুর অপারেটর হিসাবে বাংলাদেশের অভ্যন্তরে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে, তাহাকে আইনের ধারা ৪ এর উপধারা (২) অনুযায়ী সরকারের পূর্বানুমতি গ্রহণ করিয়া নিবন্ধন কর্তৃপক্ষের নিকট বিধি ৩ এর উপবিধি (১) এ উল্লিখিত কাগজপত্রসহ ফরম-১ অনলাইনে পূরণপূর্বক নিবন্ধন সনদের জন্য আবেদন দাখিল করিতে হইবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদনের সময় অন্যান্য বিদেশি পার্টনার বা ডিরেক্টর এর জন্য সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস কর্তৃক তাহাদের প্রদত্ত তথ্যাদি যাচাইপূর্বক প্রত্যয়ন এবং পাসপোর্ট এর অনুলিপি দাখিল করিতে হইবে।

(৩) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনপ্রাপ্ত বিদেশি প্রতিষ্ঠান সরাসরি আবেদন করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, বিদেশি প্রতিষ্ঠানের সরাসরি আবেদনের ক্ষেত্রে উহার মোট শেয়ারের অন্যূন ৫১ (একান্ন) শতাংশ এর মালিকানা বাংলাদেশি শেয়ারহোল্ডারের হইতে হইবে।

(৪) বিদেশি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান ট্যুর অপারেটর হিসাবে বাংলাদেশের অভ্যন্তরে কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে বাংলাদেশে তাহার অফিস থাকিতে হইবে।

৫। **নিবন্ধন সনদ প্রদান ও মেয়াদ।**—(১) বিধি ৩ বা, ক্ষেত্রমত, বিধি ৪ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাদি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, সংশ্লিষ্ট কোডে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা নিবন্ধন সনদ ফি এবং সার্ভিস চার্জ বাবদ ১ (এক) হাজার টাকা ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে জমা প্রদান এবং নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ৩(তিন) লক্ষ টাকা জামানত প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে এবং আবেদনকারী উক্তরূপে অবহিত হইবার ১৫(পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ ফি ও সার্ভিস চার্জ জমা প্রদানপূর্বক উহার মূলকপি এবং জামানত নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপবিধি (১) এর দফা (ক) এর অধীন নিবন্ধন সনদ ফি, সার্ভিস চার্জ এবং জামানত প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে আইনের ধারা ৭ এর উপধারা (১) এর দফা (ক) এবং ধারা ৮ এর উপধারা (১) এর বিধান অনুসারে ৩ (তিন) বৎসরের জন্য ফরম-২ অনুযায়ী আবেদনকারী বরাবর নিবন্ধন সনদ ইস্যু করিবে।

(৩) উপবিধি ১ এর দফা (খ) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের বিষয়ে অবহিত হইবার পরবর্তী ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৫ এর মাধ্যমে পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে এবং নিবন্ধন কর্তৃপক্ষ উক্তরূপ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবে।

(৪) নিবন্ধিত ট্যুর অপারেটরকে নিবন্ধন প্রাপ্তির পর হইতে প্রতি বৎসর ৩১ জানুয়ারির মধ্যে পূর্ববর্তী বৎসরের সেবা গ্রহণকারী দেশি-বিদেশি পর্যটকদের তথ্যসংবলিত প্রতিবেদন নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

৬। **নিবন্ধন নবায়ন সনদের জন্য আবেদন।**—(১) নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে অথবা আইনের ধারা ৮ এর উপধারা (৪) মোতাবেক জরিমানা প্রদানসাপেক্ষে নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট নিবন্ধন নবায়ন সনদের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রসহ ফরম-৩ অনলাইনে পূরণপূর্বক আবেদন করিতে হইবে, যথা:—

(ক) বিধি ৩ এর উপবিধি (১) এ উল্লিখিত কাগজপত্র;

(খ) বাৎসরিক লেনদেন সংক্রান্ত ব্যাংক স্টেটমেন্ট;

(গ) কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণের নামের তালিকা (জাতীয় পরিচয়পত্রের অনুলিপিসহ); এবং

(ঘ) কোম্পানির ক্ষেত্রে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ববর্তী ২ (দুই) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন।

(২) নিবন্ধন কর্তৃপক্ষ উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনের সহিত দাখিলকৃত তথ্যাবলি ও কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করিবে এবং, প্রয়োজনে, পরীক্ষা-নিরীক্ষার পর্যায়ে আবেদনকারীর নিকট হইতে সংশ্লিষ্ট যেকোনো তথ্য ও কাগজপত্র চাহিতে পারিবে এবং সরেজমিন যাচাই করিতে পারিবে।

৭। **নিবন্ধন নবায়ন সনদ ইস্যু ও মেয়াদ।**—(১) বিধি ৬ এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, সংশ্লিষ্ট কোডে ২৫ (পঁচিশ) হাজার টাকা নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ বাবদ ১ (এক) হাজার টাকা ট্রেজারি চালান অথবা অনলাইনে পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে ব্যাংক হিসাবে জমা প্রদানের জন্য আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে এবং আবেদনকারী উক্তরূপে অবহিত হইবার ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ জমা প্রদানপূর্বক উহার মূলকপি নিবন্ধন কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে;

(খ) নিশ্চিত না হইলে, নিবন্ধন নবায়ন সনদের আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপবিধি (১) এর দফা (ক) এর অধীন নিবন্ধন নবায়ন সনদ ফি এবং সার্ভিস চার্জ প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর করিতে পারিবে এবং উক্তরূপ আবেদন মঞ্জুরের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষ আইনের ধারা ৮ এর উপধারা (১) এবং উপধারা (৩) এর দফা (ক) এর বিধান অনুসারে পূর্ববর্তী নিবন্ধন এর মেয়াদ শেষ হইবার পর হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য ফরম-৪ অনুযায়ী আবেদনকারী বরাবর নিবন্ধন নবায়ন সনদ ইস্যু করিবে।

(৩) উপবিধি (১) এর দফা (খ) এর অধীন কোনো আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের বিষয়ে অবহিত হইবার পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৫ অনুসারে পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবে এবং নিবন্ধন কর্তৃপক্ষ উক্তরূপ আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উক্ত আবেদন নিষ্পত্তি করিবে।

৮। **নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করা না হইলে নিবন্ধন সনদ নবায়নের পদ্ধতি।**—(১) আইনের ধারা ৮ এর উপধারা (২) অনুযায়ী নিবন্ধন সনদের মেয়াদ শেষ হইবার পর অনধিক ৩ (তিন) মাসের মধ্যে নবায়নের আবেদন দাখিল করিবার ইচ্ছা পোষণ করিয়া নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করা হইলে নিবন্ধন কর্তৃপক্ষ শুনানি গ্রহণ করিয়া নিম্নবর্ণিতভাবে জরিমানা নির্ধারণপূর্বক উক্ত জরিমানার অর্থ সংশ্লিষ্ট কোডে জমা প্রদানপূর্বক নিবন্ধন নবায়ন সনদের আবেদন দাখিলের অনুমতি প্রদান করিতে পারিবে, যথা:—

(ক) আইনের ধারা ৮ এর উপধারা (২) অনুযায়ী জরিমানা ব্যতীত আবেদনের নির্ধারিত সময় উত্তীর্ণের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ১০ (দশ) হাজার টাকা;

(খ) দফা (ক) এ উল্লিখিত সময়ের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ১৫ (পনেরো) হাজার টাকা; এবং

(গ) দফা (খ) এ উল্লিখিত সময়ের পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে আবেদন করিলে ২৫ (পঁচিশ) হাজার টাকা।

(২) উপবিধি (১) এ বর্ণিত আবেদন দাখিলের ক্ষেত্রে বিধি ৬ এর বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

(৩) কোনো ট্যুর অপারেটর উপবিধি (১) এ উল্লিখিত সময়সীমার মধ্যে জরিমানা প্রদানপূর্বক নিবন্ধন সনদ নবায়নের আবেদন দাখিল করিতে ব্যর্থ হইলে, উক্ত সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইবে।

৯। **ডুপ্লিকেট সনদ ইস্যু ও মেয়াদ।**—(১) কোনো কারণে ট্যুর অপারেটরের অনুকূলে ইস্যুকৃত নিবন্ধন সনদ বা নবায়নকৃত নিবন্ধন সনদ বিনষ্ট হইলে অথবা হারাইয়া গেলে উক্ত ট্যুর অপারেটর যুক্তিসংগত কারণ, সংশ্লিষ্ট থানায় অন্তর্ভুক্ত সাধারণ ডায়েরির অনুলিপি ও সংশ্লিষ্ট প্রমাণপত্রসহ, যদি থাকে, ডুপ্লিকেট সনদ ইস্যুর জন্য সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে সরকার নির্ধারিত খাতে ৫ (পাঁচ) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে।

(২) উপবিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর আবেদনে উল্লিখিত তথ্যাবলি পরীক্ষা-নিরীক্ষা করিয়া নিবন্ধন কর্তৃপক্ষ উহার সঠিকতা সম্পর্কে—

(ক) নিশ্চিত হইলে, আবেদনকারীর অনুকূলে সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ফরম-২ অনুযায়ী আবেদনকারীকে ডুপ্লিকেট মুদ্রিত সিলসহ সনদ ইস্যু করিবে; এবং

(খ) নিশ্চিত না হইলে, আবেদন নামঞ্জুর করিতে পারিবে এবং কারণ লিপিবদ্ধ করিয়া উক্তরূপ নামঞ্জুরের বিষয়টি সিদ্ধান্ত গ্রহণের ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) ডুপ্লিকেট সনদের মেয়াদ হইবে উক্ত সনদ ইস্যুর তারিখ হইতে, মূল নিবন্ধন সনদ অথবা, ক্ষেত্রমত, নিবন্ধন নবায়ন সনদের অবশিষ্ট মেয়াদকাল পর্যন্ত।

১০। **নিবন্ধন সনদ স্থগিত বা বাতিল প্রক্রিয়া।**—(১) নিবন্ধন কর্তৃপক্ষ আইনের ধারা ১০ উপধারা (১) এর বিধান অনুসারে উপযুক্ত তদন্ত ও শুনানির সুযোগ প্রদানপূর্বক কোনো ট্যুর অপারেটর এর নিবন্ধন সনদ নিম্নবর্ণিত কারণে স্থগিত বা বাতিল করিতে পারিবে, যথা:—

(ক) মিথ্যা তথ্য বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করিলে;

(খ) আইন, বিধি বা নিবন্ধন সনদের কোনো শর্ত ভঙ্গ করিলে;

(গ) ট্যুর অপারেটর এর জন্য নির্ধারিত আচরণবিধির কোনো বিধান লঙ্ঘন করিলে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন নবায়ন না করিলে;

(ঙ) নিবন্ধন সনদ প্রাপ্তির পর সংশ্লিষ্ট ব্যক্তি কোনো ফৌজদারি অপরাধে দণ্ডিত হইলে;

(চ) কোম্পানি, সংস্থা, অংশীদারি কারবার বা আইনগত সত্তার ক্ষেত্রে উহার অবসান হইলে; অথবা

(ছ) বিধি ৫ এর উপবিধি (৪) অনুযায়ী প্রতিবেদন দাখিল না করিলে।

(২) উপ-বিধি (১) অনুযায়ী নিবন্ধন সনদ স্থগিত বা বাতিলের পূর্বে আইনের ধারা ১০ এর উপধারা (১) মোতাবেক তদন্তসাপেক্ষে সংশ্লিষ্ট ট্যুর অপারেটরকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করিতে হইবে এবং ট্যুর অপারেটরকে উক্ত নোটিশ প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব প্রদান করিতে হইবে।

(৩) কোনো ট্যুর অপারেটর উপবিধি (২) অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করিতে ব্যর্থ হইলে উহার যথাযথ কারণ উল্লেখপূর্বক উক্ত সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবে।

(৪) উপবিধি (৩) এর অধীন আবেদন প্রাপ্তির পর নিবন্ধন কর্তৃপক্ষ উহার যথার্থতা যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে অনধিক ৭ (সাত) কার্যদিবস সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৫) উপবিধি (২) অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ জারি অথবা, ক্ষেত্রমত, উপবিধি (৪) অনুযায়ী সময় বৃদ্ধি করা হইলে, উহার পরবর্তী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট বিষয়ে শুনানি সম্পন্ন করিতে হইবে।

(৬) উপবিধি (৫) অনুযায়ী শুনানি সম্পন্ন হইবার পরবর্তী ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ স্থগিত বা বাতিলের সিদ্ধান্তটি সংশ্লিষ্ট ট্যুর অপারেটরকে অবহিত করিতে হইবে।

১১। **নিবন্ধন সনদ হস্তান্তর।**—(১) কোনো ট্যুর অপারেটর আইনের ধারা ৯ এর বিধান অনুসারে মালিকানা পরিবর্তনের জন্য নিবন্ধন সনদ হস্তান্তর করিতে চাহিলে, তাহাকে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট ফরম-৬ অনুযায়ী নিম্নবর্ণিত কাগজপত্রসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) নিবন্ধন সনদ হস্তান্তরের প্রয়োজনীয়তা বা সুনির্দিষ্ট কারণ;

(খ) নিবন্ধন সনদধারী ব্যক্তি মৃত্যুবরণ করিলে তাহার বৈধ উত্তরাধিকারীগণের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র ও সংশ্লিষ্ট তথ্যাদি;

(গ) নিবন্ধন সনদধারীর মৃত্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভা, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে) এর নিকট হইতে মৃত্যু নিবন্ধন সনদ, ওয়ারিশ সনদ এবং ওয়ারিশগণের পারস্পরিক সম্মতিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে);

(ঘ) নিবন্ধন সনদধারী শারীরিকভাবে অক্ষম হইলে সিভিল সার্জন বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা অথবা মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রদত্ত অক্ষমতা সনদপত্র; এবং

(ঙ) নিবন্ধন সনদ হস্তান্তর ও বিক্রয়জনিত কারণে মালিকানা পরিবর্তন করিতে চাহিলে আইনের ধারা ৫ অনুযায়ী প্রক্রিয়া সম্পন্নপূর্বক পূর্বের ট্যুর অপারেটর এর দায় গ্রহণ সংক্রান্ত হলফনামা প্রদান করিতে হইবে।

(২) উপবিধি (১) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে নিবন্ধন কর্তৃপক্ষ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নিবন্ধন সনদ হস্তান্তরের বিষয়টি নিষ্পত্তি করিবে।

১২। **ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন।**—(১) কোনো ট্যুর অপারেটর ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন করিতে চাহিলে তাহাকে আইনের ধারা ৯ এর উপধারা (২) অনুসরণপূর্বক ফরম-৭ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপবিধি (১) অনুযায়ী আবেদন প্রাপ্তির পর উহা যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে নিবন্ধন কর্তৃপক্ষ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তনের বিষয়টি নিষ্পত্তি করিবে।

১৩। **নিবন্ধন সনদের তথ্য সংরক্ষণ।**—প্রতিটি নিবন্ধন সনদের বিস্তারিত তথ্যাদি নিবন্ধন কর্তৃপক্ষের দপ্তরে ডেটাবেজ আকারে অনলাইন ও অফলাইনে সংরক্ষণ করিতে হইবে।

১৪। **নিবন্ধন সনদ প্রদর্শন।**-ট্যুর অপারেটর তাহার ব্যবসায় স্থলের দৃশ্যমান স্থানে, মূল নিবন্ধন সনদ অথবা, ক্ষেত্রমত, নিবন্ধন নবায়ন সনদ প্রদর্শনের ব্যবস্থা করিবে।

১৫। **তথ্য প্রদান।**—সরকার বা নিবন্ধন কর্তৃপক্ষ, প্রয়োজনে, যেকোনো সময়ে ট্যুর অপারেটরের নিকট হইতে উহার ব্যবসায় সম্পর্কিত যেকোনো তথ্য প্রদানের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে এবং ট্যুর অপারেটর উহা প্রদান করিতে বাধ্য থাকিবে।

১৬। **ব্যবসায়ের সমাপ্তি ও নিবন্ধন সনদ সমর্পণ, ইত্যাদি।**—কোনো ট্যুর অপারেটর উহার ব্যবসায় সমাপ্ত করিতে চাহিলে অন্যূন ১ (এক) মাস পূর্বে নিবন্ধন কর্তৃপক্ষকে লিখিতভাবে উহার ব্যবসায় সমাপ্ত করিবার অভিপ্রায় ব্যক্ত করিবে এবং ব্যবসায় সমাপ্ত করিবার তারিখ হইতে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে, ক্ষেত্রমত, উহার মূল নিবন্ধন সনদ বা নিবন্ধন নবায়ন সনদ নিবন্ধন কর্তৃপক্ষের নিকট সমর্পণ করিবে ।

১৭। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ।**—আইনের ধারা ১২ এর উদ্দেশ্যপূরণকল্পে, সরকার, অন্যূন যুগ্মসচিব বা সমপদমর্যাদার এক বা একাধিক কর্মকর্তাকে, সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে, আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ প্রদান করিতে পারিবে।

১৮। **আপিল নিষ্পত্তির পদ্ধতি।**—(১) আইনের ধারা ১২ এর উপধারা (১) অনুযায়ী আপিল আবেদনের ক্ষেত্রে উপর্যুক্ত অর্থনৈতিক কোডে ট্রেজারি চালান অথবা অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ১০ (দশ) হাজার টাকা ফি জমা প্রদানপূর্বক আপিল কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) আপিল কর্তৃপক্ষ যেরূপ উপযুক্ত মনে করিবে, সেইরূপ তদন্ত ও শুনানি অন্তে আপিল আবেদন নিষ্পত্তি করিবে।

(৩) আপিল কর্তৃপক্ষ আপিল আবেদন প্রাপ্তির তারিখ হইতে পরবর্তী ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিবে।

(৪) আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৯। **আচরণবিধি।**—ট্যুর অপারেটর এর নিম্নবর্ণিত কার্যাবলি আচরণবিধির পরিপন্থি বলিয়া গণ্য হইবে, যথা:—

(ক) মিথ্যা তথ্য প্রদানপূর্বক বা প্রতারণার মাধ্যমে নিবন্ধন সনদ গ্রহণ করা;

(খ) নিবন্ধন সনদের কোনো শর্ত ভঙ্গ করা;

(গ) আইন এবং ইহার অধীন প্রণীত বিধির বিধানাবলি এবং সরকার কর্তৃক জারীকৃত এতদ্‌সংশ্লিষ্ট প্রজ্ঞাপন, আদেশ বা নির্দেশ প্রতিপালন না করা;

(ঘ) ভ্রমণ সেবা সংক্রান্ত কোনো জালিয়াতি ও অনিয়মের আশ্রয় গ্রহণ করা;

(ঙ) পর্যটকের সহিত চুক্তিবদ্ধ বা প্রতিশ্রুত সেবা প্রদান না করা;

(চ) পর্যটককে মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করা;

(ছ) ট্যুর অপারেটর সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো কার্যক্রম অবৈধভাবে গ্রহণ করা;

(জ) পর্যটককে কোনো ধরনের হয়রানি করা;

(ঝ) ট্যুর অপারেশন কার্যক্রমে শিশু শ্রম ব্যবহার করা;

(ঞ) ট্যুর পরিচালনায় মানব পাচার বা মানি লন্ডারিং কার্যক্রমে জড়িত হওয়া;

(ট) রসিদ ব্যতীত কোনো ধরনের আর্থিক লেনদেন করা;

(ঠ) সকল প্রকার আর্থিক লেনদেনের ক্ষেত্রে সনদ নম্বর ব্যবহার না করা;

(ড) দৈব-দুর্বিপাকে এবং পরবর্তী সময়ে পর্যটককে নিরাপদ রাখিবার চেষ্টা না করা;

(ঢ) প্রাকৃতিক পরিবেশ ও প্রতিবেশগত ক্ষতি সাধন করা;

(ণ) পর্যটন সংশ্লিষ্ট আন্তর্জাতিক বিধি বিধান প্রতিপালন না করা; এবং

(ত) নিবন্ধন সনদ বাতিল করা সত্ত্বেও ট্যুর অপারেশন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা করা।

২০। **ফরম সংশোধন ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ফরম সংশোধন করিতে পারিবে।

২১। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) ইংরেজি পাঠ এবং মূল বাংলা পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**ফরম-১**

**[বিধি ৩ এর উপবিধি (১) এবং বিধি ৪ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**

**ট্যুর অপারেটর নিবন্ধন সনদ এর আবেদন ফরম**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | ট্যুর অপারেটর এর নাম | : | |
| ৩। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৪। | ঠিকানা<br>(ক) স্থায়ী<br>(খ) বর্তমান | <br>:<br>: | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | : | |
| ৭। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ৮। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) এর সত্যায়িত অনুলিপি | : | |
| ৯। | ব্যাবসায়িক ঠিকানা<br>টেলিফোন/মোবাইল নম্বর<br>ফ্যাক্স ও ই-মেইল নম্বর<br>ওয়েবসাইট | <br>:<br>:<br>: | |
| ১০। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশে ব্যাবসায়িক ঠিকানা | : | |
| ১১। | ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণক (জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি) | <br>:<br>: | |
| ১২। | কোম্পানির ক্ষেত্রে, সংঘবিধি (Articles of Association), সংঘস্মারক (Memorandum of Association) এবং নিগমিতকরণ প্রত্যয়নপত্র (Certificate of Incorporation) এর সত্যায়িত অনুলিপি অথবা অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি | : | |
| ১৩। | বিদেশি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুমোদন এর প্রমাণপত্র | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | বিদেশি পার্টনার/ডিরেক্টর-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশের দূতাবাস কর্তৃক প্রদত্ত তথ্যাদি যাচাইপূর্বক প্রত্যয়ন এবং পাসপোর্ট এর অনুলিপি | : | |
| ১৫। | ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহণ, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে প্যাকেজে বর্ণিত মূল্যের অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |
| ১৬। | ট্যুর অপারেটরের মালিকানার ধরন (স্বত্বাধিকারী/অংশীদারি/যৌথমূলধনি) (চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৭। | পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | : | |
| ১৮। | ট্যুর অপারেটর এর ব্যাংক হিসাবের বিবরণ [১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক স্থিতিসাপেক্ষে ব্যাংকের প্রত্যয়নপত্র]<br>(ক) হিসাব নম্বর<br>(খ) ব্যাংকের নাম<br>(গ) শাখার নাম | <br>:<br>:<br>: | |
| ১৯। | আবেদন ফি : ট্রেজারি চালানের নম্বর/অনলাইন ট্রানজেকশন নম্বর (ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে) | : | |

পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | ট্যুর অপারেটর প্রতিষ্ঠানে পদমর্যাদা | পরিচালক/অংশীদারদের শতকরা হার |
|---|---|---|---|---|
| | | | | |

কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

| নাম ও পদবি | জাতীয়তা | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগের তারিখ | অভিজ্ঞতা | পাসপোর্ট নম্বর (বিদেশি নাগরিকদের ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

**ফরম-২**

**[বিধি ২ এর দফা (৭), বিধি ৫ এর উপবিধি (২) এবং বিধি ৯ এর উপবিধি (২) এর দফা (ক) দ্রষ্টব্য]**
**ট্যুর অপারেটর নিবন্ধন সনদ**

**(মনোগ্রাম)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**ট্যুর অপারেটর নিবন্ধন সনদ**

**নিবন্ধন সনদ নম্বর:** [ ]

**তারিখ:**

**নিবন্ধন সনদ ইস্যুর তারিখ:**

**নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ:**

বরাবর :.......................................................
ট্যুর অপারেটর এর নাম:....................................
স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক:

জনাব:.............................

ঠিকানা:...........................

বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন) এর ধারা ৭ এর উপধারা (১) এর দফা (ক) ও ধারা ৮ এর উপধারা (১) এবং বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ এর বিধি ৫ এর উপবিধি (২) এর বিধান অনুসারে ..............................কে............................,তারিখ হইতে..............................., তারিখ পর্যন্ত, নিবন্ধন সনদের শর্তাবলি সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য ট্যুর অপারেটর হিসাবে নিবন্ধন করা হইল।

.............................
.............................
.............................

নিবন্ধন কর্তৃপক্ষ

**নিবন্ধন সনদের শর্তাবলি:**

(১) বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ এবং বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ অনুযায়ী ট্যুর অপারেটর এর কার্যক্রম পরিচালনা করিতে হইবে।

(২) নিবন্ধন সনদ, নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত, হস্তান্তরযোগ্য হইবে না।

(৩) ট্যুর অপারেটর গ্রাহককে চুক্তিবদ্ধ বা প্রতিশ্রুত সেবা প্রদান করিতে বাধ্য থাকিবে।

(৪) ট্যুর অপারেটর মিথ্যা তথ্য প্রদান বা প্রতারণার আশ্রয় গ্রহণ করিতে পারিবে না।

(৫) ট্যুর অপারেটরের সহিত সংশ্লিষ্ট নহে এইরূপ কোনো কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

(৬) নিবন্ধন সনদ বাতিল করা হইলে উক্ত প্রতিষ্ঠান এতদ্‌সংক্রান্ত কোনো কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না।

(৭) পর্যটককে কোনো ধরনের হয়রানি করা যাইবে না।

(৮) নিবন্ধন সনদের অনুলিপি কার্যালয়ের দৃশ্যমান স্থানে প্রর্দশন করিতে হইবে।

(৯) আইন বা বিধি মোতাবেক নিবন্ধন কর্তৃপক্ষ বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে অফিস পরিদর্শন বা যেকোনো তদন্তে ট্যুর অপারেটর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে এবং তথ্য প্রদান করিবে।

(১০) বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ এ অন্তর্ভুক্ত ট্যুর অপারেটরের আচরণবিধি মানিয়া চলিতে হইবে।

(১১) ট্যুর অপারেটর কোনো প্রকারের বেআইনি কার্যকলাপে অংশগ্রহণ করিতে পারিবে না।

(১২) পর্যটন সংশ্লিষ্ট আন্তর্জাতিক বিধি-বিধান প্রতিপালন করিতে হইবে।

**ফরম-৩**

**[বিধি ৬ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**

**ট্যুর অপারেটর নিবন্ধন নবায়ন সনদ এর আবেদন ফরম**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : | |
| ২। | ট্যুর অপারেটর এর নাম | : | |
| ৩। | (ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | :<br>: | |
| ৪। | ঠিকানা<br>(ক) স্থায়ী<br>(খ) বর্তমান | <br>:<br>: | |
| ৫। | জাতীয়তা | : | |
| ৬। | আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | | |
| ৭। | ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ৮। | ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) এর সত্যায়িত অনুলিপি ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের কপি | : | |
| ৯। | ব্যাবসায়িক ঠিকানা<br>টেলিফোন/মোবাইল নম্বর<br>ফ্যাক্স ও ই-মেইল | :<br>:<br>: | |
| ১০। | বিদেশি আবেদনকারীর ক্ষেত্রে বাংলাদেশে ব্যাবসায়িক ঠিকানা | : | |
| ১১। | ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণক (জমির মালিকানা দলিল অথবা ভাড়ার চুক্তিপত্র) | <br>:<br>: | |
| ১২। | কোম্পানির ক্ষেত্রে, সংঘবিধি (Articles of Association), সংঘস্মারক (Memorandum of Association) এবং নিগমিতকরণ প্রত্যয়নপত্র (Certificate of Incorporation) এর সত্যায়িত অনুলিপি অথবা অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি | : | |
| ১৩। | কোম্পানির ক্ষেত্রে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম কর্তৃক নিরীক্ষিত পূর্ববর্তী ২ (দুই) বৎসরের নিরীক্ষা প্রতিবেদন (কপি সংযুক্ত করিতে হইবে) | : | |

| | | | |
|---|---|---|---|
| ১৪। | ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহণ, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে প্যাকেজে বর্ণিত মূল্যের অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |
| ১৫। | ট্যুর অপারেটরের মালিকানার ধরন (স্বত্বাধিকারী/অংশীদারি/যৌথমূলধনি) (চুক্তিপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ১৬। | পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ | : | |
| ১৭। | ট্যুর অপারেটর প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের বিবরণ [১০ (দশ) লক্ষ টাকার ব্যাংক স্থিতিসাপেক্ষে ব্যাংকের প্রত্যয়নপত্র]<br>(ক) হিসাব নম্বর<br>(খ) ব্যাংকের নাম<br>(গ) শাখার নাম | :<br>:<br>: | |
| ১৮। | বাৎসরিক লেনদেন সংক্রান্ত ব্যাংক স্টেটমেন্ট | : | |
| ১৯। | আবেদন ফি: ট্রেজারি চালানের নম্বর/অনলাইন ট্রানজেকশন নম্বর (ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে) | : | |
| ২০। | নিবন্ধন সনদ নম্বর<br>(নিবন্ধন সনদের কপি সংযুক্ত করিতে হইবে) | : | |

পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ

| **নাম** | **ঠিকানা** | **জাতীয়তা** | **ট্যুর অপারেটর প্রতিষ্ঠানে পদমর্যাদা** | **পরিচালক/অংশীদারদের শতকরা হার** |
|---|---|---|---|---|
| | | | | |

কর্মকর্তা-কর্মচারীগণের বিবরণ

| **নাম ও পদবি** | **জাতীয়তা** | **শিক্ষাগত যোগ্যতা** | **নিয়োগের তারিখ** | **অভিজ্ঞতা** |
|---|---|---|---|---|
| | | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

**ফরম-৪**
**[বিধি ২ এর দফা (৬) এবং বিধি ৭ এর উপবিধি (২) দ্রষ্টব্য]**
**ট্যুর অপারেটের নিবন্ধন নবায়ন সনদ**

**(মনোগ্রাম)**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

**মূল নিবন্ধন সনদ নম্বর:** ☐
**মূল নিবন্ধন সনদ ইস্যুর তারিখ :**
**নিবন্ধন নবায়নের সনদ নম্বর:**
**নিবন্ধন নবায়নের সনদ ইস্যুর তারিখ:**
**নিবন্ধন সনদের মেয়াদ উত্তীর্ণের তারিখ:**

বরাবর:--------------------------------------

ট্যুর অপারেটর এর নাম:---------------------

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপনা পরিচালক:

জনাব:---------------------

ঠিকানা:--------------------

বাংলাদেশ ট্যুর অপারেটর ও ট্যুর গাইড (নিবন্ধন ও পরিচালনা) আইন, ২০২১ (২০২১ সনের ২৬ নং আইন) এর ধারা ৮ এর উপধারা (৩) এর দফা (ক) এবং বাংলাদেশ ট্যুর অপারেটর (নিবন্ধন ও পরিচালনা) বিধিমালা, ২০২৪ এর বিধি ৭ এর উপবিধি (২) এর বিধান অনুসারে ----------------------------- -------কে --------তারিখ হইতে------------------------- তারিখ পর্যন্ত মূল নিবন্ধন সনদের শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য ট্যুর অপারেটর হিসাবে নিবন্ধন সনদ নবায়ন করা হইল।

.............................
.............................
.............................
নিবন্ধন কর্তৃপক্ষ

**ফরম-৫**

**[বিধি ৫ এর উপবিধি (৩) এবং বিধি ৭ এর উপবিধি (৩) দ্রষ্টব্য]**

**নিবন্ধন সনদ /নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর ক্ষেত্রে পুনর্বিবেচনার আবেদন**

**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

ছবি

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্যুর অপারেটর এর নাম | : | |
| ২। | ট্যুর অপারেটর এর মালিকানার ধরন | : | |
| ৩। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি (নিবন্ধন নবায়ন সনদ ইস্যুর ক্ষেত্রে) | : | |
| ৪। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৫। | আবেদন নামঞ্জুরের আদেশ | : | |
| ৬। | আবেদন পুনর্বিবেচনার যৌক্তিকতা ও প্রয়োজনীয় তথ্যাদি | : | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

**ফরম-৬**
**[বিধি ১১ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**
**নিবন্ধন সনদ হস্তান্তরের আবেদন ফরম**
**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

ছবি

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্যুর অপারেটর এর নাম | : | |
| ২। | ট্যুর অপারেটর এর মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম/উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত অংশীদারদের মধ্য হইতে আবেদনকারীর নাম | : | |
| ৪। | আবেদনকারী মালিকের<br>(ক) পিতা/স্বামীর নাম<br>(খ) মাতার নাম | <br>:<br>: | |
| ৫। | হস্তান্তরের কারণ | : | |
| ৬। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর নাম ও পেশা | : | |
| ৭। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারী মালিকের ঠিকানা/উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত অংশীদারদের ঠিকানা<br>(ক) স্থায়ী<br>(খ) বর্তমান | :<br>: | |
| ৮। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর জাতীয়তা | : | |
| ৯। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর (NID) ও উহার সত্যায়িত অনুলিপি | : | |
| ১০। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ১১। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ট্রেড লাইসেন্সের সত্যায়িত অনুলিপি | : | |
| ১২। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ট্যাক্স আইডেনটিফিকেশন নম্বর (টিআইএন) [টিআইএন সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি ও সর্বশেষ ট্যাক্স পরিশোধের প্রমাণপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে]। | : | |
| ১৩। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ব্যাবসায়িক ঠিকানা, টেলিফোন, মোবাইল, ফ্যাক্স, ওয়েবসাইট ও ই-মেইল নম্বর | : | |
| ১৪। | প্রস্তাবিত হস্তান্তর গ্রহণকারীর ব্যবসায় প্রতিষ্ঠানের বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>[ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে]। | <br>:<br>: | |

| | | | |
|---|---|---|---|
| ১৫। | নিবন্ধন সনদধারীর মৃত্যুর ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ বা পৌরসভা বা সিটি কর্পোরেশন-এর নিকট হইতে মৃত্যুসনদ, উত্তরাধিকারী সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে উত্তরাধিকারীগণের পারস্পরিক সম্মতিপত্র | : | |
| ১৬। | উত্তরাধিকারীগণের নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট প্রয়োজনীয় তথ্যাদি | : | |
| ১৭। | নিবন্ধন সনদধারী শারীরিকভাবে অক্ষম হইলে, সিভিল সার্জন বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রদত্ত অক্ষমতার সনদপত্র | : | |
| ১৮। | পূর্বের ট্যুর অপারেটর প্রতিষ্ঠানের দায় গ্রহণ সংক্রান্ত সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |
| ১৯। | ভ্রমণের সহিত সংশ্লিষ্ট পরিবহণ, আবাসন ও অনুরূপ অন্যান্য সুবিধা প্রদানের ক্ষেত্রে কোনো ব্যক্তির নিকট হইতে প্যাকেজে বর্ণিত মূল্যের অতিরিক্ত অর্থ গ্রহণ করিবে না বা তাহাকে মিথ্যা প্রলোভন দেখাইবে না বা তাহার সহিত কোনো প্রতারণার আশ্রয় গ্রহণ করা হইবে না মর্মে সরকার নির্ধারিত মূল্যমানের স্ট্যাম্পে হলফনামা | : | |

প্রস্তাবিত পরিচালক/স্বত্বাধিকারী/অংশীদারগণের বিবরণ

| নাম | ঠিকানা | জাতীয়তা | ট্যুর অপারেটর প্রতিষ্ঠানে পদমর্যাদা | পরিচালক/অংশীদারদের শতকরা হার |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে)।

**ফরম-৭**
**[বিধি ১২ এর উপবিধি (১) দ্রষ্টব্য]**
**ব্যাবসায়িক ঠিকানা পরিবর্তন এর আবেদন ফরম**
**[প্রযোজ্য ক্ষেত্রে (√) টিক দিন]**

| | | | |
|---|---|---|---|
| ১। | ট্যুর অপারেটর এর নাম | : | |
| ২। | ট্যুর অপারেটর এর মালিকানার ধরন | : | |
| ৩। | আবেদনকারী মালিকের নাম | : | |
| ৪। | নিবন্ধন সনদ/নিবন্ধন নবায়ন সনদের অনুলিপি | : | |
| ৫। | মালিকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি | : | |
| ৬। | প্রস্তাবিত ব্যাবসায়িক ঠিকানার বিবরণ<br>(ক) ভবনের মালিকানা (নিজস্ব/ভাড়াকৃত)<br>(খ) আয়তন<br>[ব্যাবসায়িক ঠিকানার মালিকানা সংক্রান্ত প্রমাণপত্র অথবা ভাড়ার চুক্তিপত্রের কপি সংযুক্ত করিতে হইবে]। | <br>:<br>: | |

স্বাক্ষর
(আবেদনকারীর পূর্ণ নাম)
সিল

(আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির প্রমাণ হিসাবে উপযুক্ত কাগজপত্র সংযুক্ত করিতে হইবে।)

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

**মো: মোকাম্মেল হোসেন**
**সচিব।**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd